# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৭৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই বক্তব্য সেই সময়ে যারা ছিলেন, খাস করে তারা উদ্দেশ্য; ব্যাপকভাবে সবাই উদ্দেশ্য নয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ وُرود هَذَا الْخَطَّابِ كَانَ لِمَنْ كَانَ فِي ذَلِكَ الْوَقْتِ عَلَى سَبِيلِ الْخُصُوصِ دُونَ الْعُمُومِ

আরবী

2978 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحِيمِ الْبَرْقِيُّ حَدَّثَنَا ابْنُ عُفَيْرٍ حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ خَالِدِ بْنِ مُسَافِرٍ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ سَالِمٍ وَأَبِي بَكْرِ بْنِ سُلَيْمَانَ بْنِ أَبِي حَثْمَةَ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ قَالَ: صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صلاة الْعِشَاءِ فِي آخِرِ حَيَاتِهِ فَلَمَّا سَلَّمَ قَامَ فَقَالَ: (رَأَيْتُمْ لَيْلَتَكُمْ هَذِهِ؟ فَإِنَّ عَلَى رَأْسِ مئة سَنَةٍ لَا يَبْقَى مِنْهَا ـ مِمَّنْ هُوَ عَلَى ظهر الأرض ـ أحدٌ)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2978 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض)) ـ أيضاً ـ: ق.

বাংলা

২৯৭৮. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জীবনের শেষের দিকে আমাদের নিয়ে ঈশার সালাত আদায় করেন। যখন তিনি সালাম ফেরান, তখন তিনি দাঁড়ান এবং বলেন, “তোমরা তোমাদের এই রাতটি লক্ষ্য করেছো? নিশ্চয়ই আজকে যারা পৃথিবীতে রয়েছে, একশ বছরের মাথায় সেসবের কেউ অবশিষ্ট থাকবে না।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১১৬; তাহাবী: ৩৭৪; সহীহ মুসলিম: ২৫৩৭; মুসনাদ আহমাদ: ২/৮৮; আবূ দাঊদ: ৪৩৪৮; তিরমিযী: ২২৫১; তাহাবী: ৩৭৩; নাসাঈ, আল কুবরা: ৫/২৯৩।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92308

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন